বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং ঃ ৯৫৬০৫৬৩
৪৭১১০৬৭৭
ই-মেইল ঃ dgmtrade@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন সার্কুলার লেটার নং-০৬/২০১৯ তারিখঃ ১৩-০৬-২০১৯

উপ-মহাব্যবস্থাপক
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ/ আইসিটি অপারেশন বিভাগ/ফরেণ রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ
নিরীক্ষা বিভাগ (বৈদেশিক বানিজ্য নিরীক্ষা সেল)
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
ও
উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক,
সকল অনুমোদিত ডিলার শাখা ।

**বিষয়ঃ <u>"Bangladesh Bank- Authorised Dealers'Forum"এর ২২তম সভার রেকর্ডনোটস্ প্রসঙ্গে।</u>**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং এফইপিডি(এফইএমপি) /৩৪/২০১৯-৩৬৭০, তারিখ ১৩-০৫-২০১৯ এবং তৎসংগে সংযুক্ত "Bangladesh Bank Authorized Dealers' Forum"এর বিগত ৩০-০৪-২০১৯ তারিখ অনুষ্ঠিত ২২ তম সভার সিদ্ধান্ত সমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত) ।

০২। বিবি-এডি ফোরামের ২২ তম সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। এ প্রেক্ষিতে, অত্র ব্যাংক সংশ্লিষ্ট উক্ত সভার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করা হলো ঃ

**ক) রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে এফই সার্কুলার নং-০৯ তারিখ ০৫, মার্চ,২০০১ এর ফরম-ঘ অনুযায়ী প্রচ্ছন্ন রপ্তানিকারকের আবেদনের বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির প্রতিবন্ধকতা প্রসংগে ঃ**

সভায় এফই সার্কুলার নং-০৯/২০০১ এর সাথে সংযোজিত ফরম-ঘ এর উপর বিস্তারিত আলোচনা হয়। নগদ সহায়তা পরিশোধ বিষয়ক নির্দেশনা সরকারের সিদ্ধান্ত অনুযায়ী জারী করা হয়ে থাকে। প্রচলিত ব্যবস্থায় অনুসৃত পদ্ধতির পরিবর্তে ড্যাস বোর্ডের তথ্যর ভিত্তিতে বস্ত্র সরবরাহকারকের পক্ষে নগদ সহায়তার আবেদন পত্র প্রক্রিয়াকরনের ক্ষেত্রে সার্কুলারে প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে; যার জন্য মন্ত্রনালয়ের অনুমোদন প্রয়োজন হবে। আলোচ্য বিষয়ে সংশ্লিষ্ট রপ্তানিকারক এসোসিয়েশন মন্ত্রনালয়ের সাথে যোগাযোগ করতে পারে। এবিষয়ে মন্ত্রনালয় থেকে কোন মতামত চাওয়া হলে ড্যাস বোর্ডে পদ্ধতি বিবেচনায় নিয়ে তাদেরকে জবাব দেয়া যাবে।

**খ) Forward Contract এর ক্ষেত্রে বিসি সেলিং রেট এর অধিক রেট প্রয়োগ এবং Push Selling এর মাধ্যমে ফরোয়ার্ড চুক্তিতে গ্রাহককে বাধ্য করা প্রসংগে ঃ**

কিছু তফসিলি ব্যাংক ফরোয়ার্ড চুক্তি সম্পাদনের মাধ্যমে বিসি সেলিং রেটকে এড়ানোর চেষ্টা করছে মর্মে বাফেদা অবহিত করেছে। মূলত ফরওয়ার্ড চুক্তিতে অধিক সুদ আরোপের সুযোগ নেয়ার নিমিত্তে ব্যাংক গুলো এধরনের কাজে প্রবৃত্ত হচ্ছে। ফলে রেমিটেন্স আহরন এবং রপ্তানি আয় প্রত্যাবাসনের ক্ষেত্রেও স্থানীয় মুদ্রা ক্রমাগত অবমূল্যায়িত হচ্ছে মর্মে সভায় আলোচিত হয়। সার্বিক আলোচনান্তে Underlying Trnasaction ব্যতিরেকে ফরোয়ার্ড চুক্তি সম্পাদন না করা এবং প্রয়োজন ব্যতিরেকে Push Selling এর মাধ্যমে ফরোয়ার্ড চুক্তিতে গ্রাহককে বাধ্য না করার জন্য ব্যাংক গুলোকে নির্দেশনা প্রদান করা হয়।

**গ) Discrepant Document এর ক্ষেত্রে বিল অব এন্ট্রি এর বিপরীতে Accptance প্রদানের প্রয়োজনীয়তা প্রসংগে ঃ**

**GFET** এর ৭ম অধ্যায়ের ২৬ অনুচ্ছেদের অনুযায়ী **Discrepant Document** এর মূল্য পরিশোধের ক্ষেত্রে বিল অব এন্ট্রির প্রয়োজনীয়তা রয়েছে। কিন্তু সকল ব্যাংক একইভাবে বিষয়টি বিবেচনায় না নেয়ায় অনেক ক্ষেত্রে আমদানি কারকগণ বিল অব এন্ট্রি ছাড়া **UPAS** এলসির অধীন **Discrepant Document** এর **Accptance** প্রদানের জন্য চাপ সৃষ্টি করে মর্মে ঢাকা ব্যাংক লিমিটেডের প্রতিনিধি সভায় অবহিত করে। এক্ষেত্রে গাইড লাইন্স এর ৭ম অধ্যায়ের ২৬ অনুচ্ছেদ এ বিদ্যমান বিধান বলবৎ থাকবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০২

**ঘ) বিদ্যুৎ কেন্দ্রের জন্য Capital Machinery আমদানির ক্ষেত্রে কিস্তিতে (Installment Basis) মূল্য পরিশোধের বাধ্যবাধকতা থেকে অব্যাহতি প্রসংগে ঃ**

বেসরকারী বিদ্যুৎ কেন্দ্র সমূহ সাধারণত তাদের Capital Machinery আমদানির জন্য এক বছর মেয়াদী Usance এলসি খুলে থাকে। এ ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নে দীর্ঘ সময়ের প্রয়োজনীয়তার কারনে কিস্তিতে (Installment Basis) মূল্য পরিশোধের বাধ্যবাধকতা প্রতিপালন করা আমদানিকারকদের পক্ষে কঠিন হয়ে পড়ে মর্মে উল্লেখ করে ঢাকা ব্যাংকের প্রতিনিধি এ ধরনের আমদানির ক্ষেত্রে কিস্তিতে (Installment Basis) পরিশোধের বাধ্যবাধকতা থেকে অব্যহতি দেয়ার জন্য সভায় প্রস্তাব করেন। সার্বিক পর্যালোচনান্তে এ সকল আবেদনের ক্ষেত্রে কেস টু কেস ভিত্তিতে অনুমোদন প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা সতর্কতার সাথে পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ন।**

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ননামোতাবেক।

১৮.০৬.১৯

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

আঃবাঃবিঃ ১(০৫)/২০১৮-২০১৯/ তারিখ ঃ ১৩-০৬-২০১৯

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি, ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক। **(পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি অপারেশন বিভাগকে অনুরোধ করা হলো।)**
০৬। ~~সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।~~
০৭। নথি/ মহানথি।

১৮/০৬/১৯

(মোঃ আবদুল মান্নান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

F:\ID TRADE\Mannan\BB_AD Forum\Circular of BB-AD Forum 22th Meetting-2019.docx